

বাংলা একাডেমীর লোকপ্রতিভা সংগ্রহশালা উদ্বোধন

(স্টাফ রিপোর্টার)

গতকাল বৃহস্পতিবার বাংলা একাডেমীর চার তলায় লোক প্রতিভা সংগ্রহশালা উদ্বোধন করা হয়েছে। উদ্বোধন করেন বিশিষ্ট শিল্পী কাম রুল হাসান।

এ উপলক্ষে আয়োজিত এক অনুষ্ঠানে কনাব কামরুল হাসান বলেন, জাতীয়তাবাদ সম্পর্কে পূর্ণ উপলব্ধির সৃষ্টি হলে দেশের প্রতিটি মানুষ আচার-অনুষ্ঠানের মাধ্যমে লোকশিল্পের সঙ্গে পরিচিত হবে।

তিনি আরো বলেন, বাংলা একাডেমীর প্রতিষ্ঠালক্ষ্য থেকেই লোকশিল্প সংগ্রহের কর্মসূচী ছিল কিন্তু এর কার্যক্রম সন্তোষজনক ভাবে এগোয়নি।

বাংলা একাডেমীর মহাপরিচালক ডঃ আশরাফ সিদ্দিকী বলেন, অর্থাৎ ভাবে বাংলা একাডেমীর সংগৃহীত লোকসাহিত্য গুরুত্বপূর্ণ প্রকাশিত হচ্ছে না। উপযুক্ত ব্যবস্থা নিলে বাংলা একাডেমী পৃথিবীর মানুষের মিলনকেন্দ্র হতে পারতো।

অন্যান্যের মধ্যে বক্তব্য করেন সর্বজনাব আবদুল হাফিজ, আবদুল মোমেন চৌধুরী এবং মুনোয়ার হোসেন খান।

এই সংগ্রহশালায় লোক শিল্পের ৬৪০টি মটিফ প্রদর্শিত হয়েছে। সংগৃহীত কনাব মোহাম্মদ সাইদুর রহমান ১৯৬২ সাল থেকে এসব সংগ্রহ করছেন। এই নিদর্শনগুলোর মধ্যে রয়েছে নকশা কাঁথা, পিঠে, মুখোশ, খলংকার, বাঁশের জিনিস পত্র, হস্তনির্মিত কৈফসপত্র, মাছ ধরার সরঞ্জাম ইত্যাদি।

সম্প্রতি বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ রেডিও বাংলাদেশ ঢাকা দপ্তর কমান্ড গঠন করা হয়েছে। কনাব মুহাম্মদ ইমামউদ্দিন কমান্ডার নির্বাচিত হয়েছেন।

খবর প্রেস বিজ্ঞপ্তি।